মেহেরপুরে বিশ্ব ডিম দিবস পালিত

মেহেরপুরে বিশ্ব ডিম দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে সকালে একটি বর্নাঢ্য শোভাযাত্রা বের করা। শোভাযাত্রাটি মেহেরপুর প্রাণী সম্পদ অধিদপ্তর থেকে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড.মুনসুর আলম খান। অন্যদের মধ্যে বক্তব্য দেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডঃ জাহাঙ্গীর আলম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা তৌহিদুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, জেলা পোল্টি অ্যাসোসিয়েশনের সভাপতি আবু বক্কর, সাধারণ সম্পাদক আবুল বাশার মিন্টু, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার শারমিন রত্না,

উপসহকারী প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা সফিউদ্দিন সহ জেলার সকল পোল্ট্রি অ্যাসোসিয়েশনের সদস্যরা। বিকালে বিশ্ব ডিম দিবস উপলক্ষে মেহেরপুর সরকারি শিশু পরিবারের শিশুদের মাঝে ডিম খাওয়ানো হয়।

মেহেরপুর হেরোইন ও দেশি অস্ত্রসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১২ গ্রাম হেরোইন ও দেশি অস্ত্রসহ দুই মাদক ব্যবসায়ী আটকে আটক করেছে ডিবি পুলিশ। এস অজয় কুমার কুন্ডু ও এস আই মাহাতাব এর নেতৃত্বে অভিযান চালিয়ে শুক্রবার সকালে সদর উপজেলার গোভিপুর গ্রামের মাঠ থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো মেহেরপুর

শহরের মুখার্জিপাড়ার নুরুল ইসলামের ছেলে মাসুদ পারভেজ(৩৫), হালদারপাড়ার আরশেদ আলী কবিরের ছেলে সেলিম রেজা নান্টু(৩০)।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, মেহেরপুর সদর উপজেলার গোভিপুর মাঠস্ত এলাকা থেকে হেরোইন ও দেশি অস্ত্রসহ তাদের আটক করা হয়। এসময় একটি মোটরসাইকেলও জব্দ করা হয়েছে। আটক মাসুদ পারভেজ এর বিরুদ্ধে আদালতে ৪টি মাদকের মামলা ও সেলিম এর বিরুদ্ধে ১টি মাদকের মামলা বিচারাধীন রয়েছে। একই সাথে শুক্রবারের ঘটনায় আরও একটি মাদক নিয়ন্ত্রণ আইনে সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে মসজিদের মাইকসহ ৩ চোর আটক

মেহেরপুরের গাংনীতে মসজিদের মাইকের ইউনিট সহ তিন চোরকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার দুপুর ২ টায় বামুন্দী জেদ্দা ইটভাটা এলাকা থেকে মাইকের ৫টি ইউনিট চুরির অপরাধে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন,বামুন্দী নিশিপুর গ্রামের বিনারুলের ছেলে আকাশ ইসলাম (২১),একই পাড়ার মতিয়ার রহমানের ছেলে সৌখিন ইসলাম (২৩) ও বালিয়াঘাট ফুটানি বাজার পাড়ার মিনারুলের ছেলে শাকিল হোসেন (২৪)।

বামন্দী বাজারের মসজিদের মুয়াজ্জিন মো: রিয়াজুল ইসলাম জানান,ভোরে ফজরের আজান দিতে মসজিদে যায়। মসজিদে যাওয়ার পর মাইক্রোফোন হাতে নেওয়ার কোন শব্দ না হওয়ায় বাইরে বের হয়ে দেখি মাইকের ঢোপ পড়ে আছে কিন্তু ইউনিট নেই বিষয়টি মসজিদ কমিটিকে অবগত করা হয়।

মসজিদ কমিটির সাধারন সম্পাদক রাশিদুল ইসলাম সোহাগ বলেন,চুরির বিষয়টা সংবাদ পেয়ে বিভিন্ন স্থানে সন্ধান করি। পরে জানতে পারি জেদ্দা ইটভাটার কাছ থেকে ৫টি ইউনিট উদ্ধার ও ৩জনকে আটক করেছে পুলিশ। এ ঘটনায় তিনি বাদী হয়ে মামলা করেছেন।

আনসার ভিডিপির বামুন্দী ইউপি দলনেতা ফজলুল হক জানান,জেদ্দা

ইটভাটার কাছে আকাশ নামের এক ছেলে একটি ব্যাগ নিয়ে টানাটানি করছে। বিষয়টি সন্দেহ হলে ব্যাগ খুলে ৫টি মাইকের ইউনিট দেখতে পেয়ে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই হেলাল ও এস আই ইলিয়াস হোসেকে জানালে দ্রত তারা ঘটনাস্থলে পৌছে তাকে আটক করে।

বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই হেলাল ও এস আই ইলিয়াস হোসেন জানান, মসজিদের মাইকের ইউনিট চুরির বিষয়টি ভোরে শোনার পর থেকে চোর সনাক্ত ও ইউনিট উদ্ধারে জন্য বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করা হয়। এসময় জেদ্দা ইটভাটার কাছে ইউনিট সহ চোর রয়েছে এমন সংবাদ পেয়ে তাদের আটক করে ইউনিট উদ্ধার করা হয়। পরে আকাশের মাধ্যমে তার দুজন সহযোগিকেও আটক করা হয়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান,বামন্দী বাজারের একটি মসজিদের মাইকের ইউনিট চুরির ঘটনায় ৩জনকে আটক করা হয়েছে। এ ঘটনার সাথে অন্যকেউ জড়িত রয়েছে কিনা তা তদন্ত করা হচ্ছে।

দেলোয়ার হোসেন মিঠুকে শোকজ করেছে দল

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দলীয় পরিচয় দিয়ে চিকিৎসককে লাঞ্চিত করার ঘটনায় উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক দেলোয়ার হোসেনকে শোকজ করেছে জেলা কমিটি।

জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল গতকাল বৃহস্পতিবার রাতে মেহেরপুর প্রতিদিনকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, দলীয় শৃঙ্খলা ভঙ্গ করায় তাকে এ শোকজ করা হয়েছে। সমিচিন জবাব না পেলে চুড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। বিষয়টি কেন্দ্রীয় কমিটিকেও জানানো হয়েছে।

তিনি আরো বলেন, মিঠু তার ফেসবুকে হাসপাতালের যে ভিডিও সে আপলোড করেছে সেখানে তার আচরণ একজন রাজনৈতিক নেতার বিরুদ্ধে যায়। যেটা সে মোটেও ঠিক করেনি। তাছাড়া দল ভাঙিয়ে কেউ ব্যবসা করতে পারবে না বা ক্ষমতা তৈরি করতে পারবে না।

এদিকে নাম প্রকাশে অনিচ্ছিুক দলীয় দুই শীর্ষ নেতা মেহেরপুর প্রতিদিনকে বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেদিন মিংমাংসা সভায় মিঠু নিজেকে স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক হিসেবে পরিচয় দিয়েছেন। সবসময় মিঠু ক্ষমতা দেখিয়ে মানুষজনকে হয়রানি করছেন। তারা আরো বলেন, একবছর আগে তাকে দলের রাজনৈতিক কর্মকাণ্ড গতিশীল করার জন্য তাকে উপজেলা কমিটির যুগ্ম আহবায়ক হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। অথচ এক বছর পার না হতেই মিঠু ওই পদ ভাঙিয়ে ব্যবসা করাসহ সাধারণ মানুষকে হয়রানি করে নানাভাবে ভয়ভীতি দেখায়।

প্রসঙ্গত, সোমবার সাহারবাটি গ্রামের দিনমজুর শুকুর আলী চিকিৎসার জন্য আসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। কাউন্টার থেকে টিকিট সংগ্রহ করে স্যাকমো তানভিরের কাছে সমস্যার কথা জানান শুকুর আলী। হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষার সুযোগ থাকলেও স্যাকমো তানভির ৬টি টেস্ট দেন। এইচ এম ডায়াগনস্টিক সেন্টারের মালিক দেলোয়ার হোসেন মিঠু ওই ঘটনায় হাসপাতালে গিয়ে স্যাকমো চিকিৎসক এস এম তানভিরকে লাঞ্ছিত করেন।

ঝিনাইদহ – চুয়াডাঙ্গা মহাসড়কটি যেন মৃত্যু ফাঁদ!

ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের বিভিন্ন স্থান এখন মৃত্যু ফাঁদে পরিণত হয়েছে। দেখে বোঝার উপায় নেই যে এটি একটি মহাসড়ক। মহাসড়কটির বেশীরভাগ স্থান-ই ছোট-বড় গর্তে পরিপূর্ণ, প্রায়ই ঘটছে দূর্ঘটনা। মহাসড়কটির ডাকবাংলা ত্রিমোহনী অংশে রাস্তার মাঝখানে উড়ছে লাল পতাকা। দেখেই বোঝা যাচ্ছে এখানে বিপদ!

ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের উত্তর নারায়নপুর ত্রিমোহনী থেকে শুরু করে ডাকবাংলা বাজার পর্যন্ত রাস্তায় বিশাল আকারের বড় বড় গর্ত তৈরী হয়েছে। তার মধ্যে উত্তর নারায়নপুর ত্রিমোহনী ইসলামি হাসপাতাল সংলগ্ন বকুল মেটাল ও লিটন স্টিল হাউজের সামনের গর্তটি সবচেয়ে ভয়াবহ! এখানে প্রতিদিন কোনো না কোনো ছোট-বড় দূর্ঘটনা ঘটেই চলেছে। তাই সাধারণ পথচারীদের সাবধানতার জন্যই এই পতাকা

উড়িয়েছেন স্থানীয়রা।

এই বিষয়ে ইসলামী প্রাইভেট হাসপাতালের মালিক ও ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ বলেন, ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের এই রাস্তাটি দিয়ে প্রতিদিন হাজার হাজার গাড়ি যাতায়াত করে। এই রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ একটি রাস্তা। রাস্তাটি দিয়ে ঢাকা, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান সহ সম্পূর্ণ বাংলাদেশেই যাতায়াত করা যায় এবং এটি মুজিবনগর যাওয়ার অন্যতম একটি রাস্তা। রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ তাই দ্রুত রাস্তাটি সংস্কার করা প্রয়োজন বলে তিনি মনে করেন।

পথচারী মোঃ রিপন মিয়া বলেন, প্রতিদিনই এখানে দূর্ঘটনা ঘটে এবং প্রায়ই মোটরসাইকেল দূর্ঘটনা ঘটছে বলে তিনি জানান।
ট্রাক ড্রাইভার মোঃ সদা বলেন, মালবাহী গাড়ীগুলো যাওয়ার সময় তাদের বেশী সমস্যার মধ্যে পড়তে হয় এবং যেকোনো সময় বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে বলে তিনি মনে করেন।

এ বিষয়ে জানার জন্য ঝিনাইদহ সড়ক ও জনপদ বিভাগের নির্বাহী প্রকৌশলী মোঃ জিয়াউল হায়দার যার মোবাইল নং ০১৭৩০-৭৮২৭৭০ এ কয়েক বার যোগাযোগ করা হলে, প্রতিবারই তিনি মিটিং এ আছেন বলে এই বিষয়ে মন্তব্য করা থেকে বিরত থাকেন।

পরবর্তীতে উপ সহকারী প্রকৌশলী মোঃ গোলাম সারোয়ার-এর সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তাকে মুঠোফোনে পাওয়া যায়নি। দ্রুত সমস্যা সমাধানের জন্য ঝিনাইদহের কর্তৃপক্ষের সুদৃষ্টির অপেক্ষায় প্রহর গুনছেন পথচারীগণ।

১০ অক্টোবর কালীগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ডের উপ নির্বাচন

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ডের কাউন্সিলর পদে উপ-নির্বাচন আগামী ১০ অক্টোবর অনুষ্ঠিত হবে।

জেলা নির্বাচন অফিস ইতিমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছেন। এর আগে একবার ভোটগ্রহণের তারিখ ঘোষণা করা হলেও করোনা ভাইরাসের কারণে আর ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়নি।

ঝিনাইদহ জেলা নির্বাচন অফিসার মোঃ রোকনুজ্জামান জানান, গত বছরের ২২ সেপ্টেম্বর কালীগঞ্জ পৌরসভার মেয়র মকছেদ আলী বিশ্বাস মৃত্যুবরণ করলে ৫নং ওয়ার্ডের কাউন্সিলর আশরাফুল আলম মেয়র পদে নির্বাচিত হওয়ার পর পদটি শূন্য হয়। আগামী ১০ আগস্ট এ পদের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

উক্ত নির্বাচনে চারজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন, তারা হলেন সাবেক কাউন্সিল মিজানুর রহমান (ডালিম মার্কা), মনিরুজ্জামান রিংকু (পানির বোতল), আলমগীর হোসেন (পাঞ্জাবী) ও নাছিম হোসেন (উটপাখি)।

মনিরুজ্জামান রিংকু বলেন, ভোট সুষ্ঠ, সুন্দর হলে তিনি জয় যুক্ত হবেন বলে আশাবাদী, তরুণ সমাজ তার পক্ষে আছে বলে তিনি জানান।

কোটচাঁদপুরে “শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক” কর্মশালা অনুষ্ঠিত

“শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫-পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় ঝিনাইদহের কোটচাঁদপুরে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

জেলা তথ্য অফিসের আয়োজনে ও কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের সহযোগিতায় গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে দিনব্যাপী এই কর্মশালা অনুষ্ঠিত হয় ।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ ওরিয়েন্টেশন কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। কর্মশালায় সূচনা বক্তব্য রাখেন, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক।

এছাড়াও নিরাপদ মাতৃত্ব মা ও শিশু স্বাস্থ্য পরিচর্জা এবং করোনাকালীন স্বাস্থ্য বিধি সর্ম্পকে আলোচনা করেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডাঃ জান্নাতুল বুশরা।

অনুষ্ঠানে মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, নারী তথ্যসেবা আপা, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, শিক্ষক, এনজিও কর্মী, জনপ্রতিনিধি, ইমাম ও মিডিয়া কর্মীরা অংশ গ্রহন করেন।

ঝিনাইদহে ধর্ষণ ও শিশু নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

দেশব্যাপী নারী ও শিশু নির্যাতনের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন অব্যাহত রয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকালে শহরের বিভিন্ন পয়েন্টে রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন এই কর্মসূচীর আয়োজন করে। শহরের এইচএসএস সড়কে জেলা বিএনপি কার্যালয়ের সামনে কর্মসূচীর আয়োজন করে বিএনপি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। এতে জেলা বিএনপির আহ্বায়ক অ্যাড. এস এম মশিয়ুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, সরকারের ব্যার্থতার কারণেই দেশব্যাপী নারী ও শিশু নির্যাতন। সরকার ধর্ষণ-নারী নির্যাতন বন্ধ করতে পারছে না। ব্যার্থতার এই গ্লানি নিয়ে সরকারের পদত্যাগের দাবী জানান তারা।

অপরদিকে, একই দাবিতে শহরের পায়রাচত্বরে মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে জলা নাট্য সমন্বয় পরিষদ। ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মীসহ সাংস্কৃতিক কর্মীরা অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, জেলা নাট্য সমন্বয় পরিষদের সভাপতি রুবেল পারভেজ, সাধারণ সম্পাদক তারেক হোসেন পল্লব, ঝংকার শিল্পী গোষ্ঠির পরিচালক শান্ত জোয়ার্দ্দার, সিও সংস্থার নির্বাহী পরিচালক সামসুল আলম, ঝিনেদা থিয়েটারের সভাপতি একরামুল হক লিকু, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, বিহঙ্গের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান লিটন, উই এর শরিফা খাতুনসহ অন্যান্যরা।

বক্তারা, ধর্ষণের বিচার আইন সংশোধন করে দ্রুত এবং সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড দেওয়ার দাবী জানান।

কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কুলপালা গ্রামে কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন করা হয়।
গতকাল বৃহস্পতিবার দুপুর তিন ঘটিকার সময় বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মাকছুদা মালিক এর উপস্থিতিতে ম্যানেজিং কমিটি গঠন সম্পূর্ণ করা হয়।

এইসময় উপস্থিত ছিলেন, সাবেক ম্যানেজিং কমিটির সভাপতি ও ১৪ নং চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শাহ আব্দুল বাতেন। উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সাবেক সহকারী শিক্ষক জনাব রইচ উদ্দিন মাস্টার, সাবেক প্রধান শিক্ষক আখতার উদ্দিন মাস্টার, ৯ নং ওয়ার্ড কুলপালা গ্রামের মেম্বার আব্দুর রশিদ মেম, ও অন্যান্য শিক্ষক শিক্ষিকা বৃন্দ।

ম্যানেজিং কমিটির উপস্থিতিতে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে নবনির্বাচিত হন জনাবা, মোছাঃ সন্ধি মন আরা শাহ্। সহ সভাপতি হিসেবে নির্বাচিত হন টিপু মিয়া। জমিদাতা সদস্য চাষী স্বপন মিয়া। অভিভাবক সদস্যবৃন্দ বেলটু মল্লিক, সেলিম, লিমা খাতুন, সাথী

খাতুন।

নবনির্বাচিত কমিটির সভাপতি বলেন, আমাকে কুলপালা গ্রামের সর্বসাধারণ জনগণ যে গুরু দায়িত্ব দিয়েছেন আমি সেটা সঠিক ভাবে পালন করবো এবং কুলপালা সরকারি প্রাথমিক বিদ্যালয় কে চুয়াডাঙ্গা জেলার ভিতরে সব থেকে উন্নত রোল মডেল প্রাথমিক বিদ্যালয় হিসেবে রূপান্তর করবো। এইটাই আমার অঙ্গিকার।

নাতিকে না পেয়ে দাদাকে আটক করার অভিযোগ

দাবিকৃত টাকা না পেয়ে মাদক ব্যবসায়ীর পরিবর্তে বয়োবৃদ্ধ দাদাকে আটক করেছে মেহেরপুর মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি অভিযান দল। ৩৫ বোতল ফেনসিডিল উদ্ধারের মামলার আসামী হিসেবে মিল শ্রমিক বয়োবৃদ্ধ আব্দুল খালেককে (৭০) গাংনী থানায় সোপর্দ করা হয়েছে। পরিবারের উর্পাজনক্ষম ব্যক্তি হাজতবাসে থাকায় চোখের পানি ছাড়া আর কোন অবলম্বন নেই আব্দুল খালেকের স্ত্রী পঙ্গুপ্রায় তহমিনা খাতুনের।

তহমিনা খাতুনের অভিযোগ, তার নাতি মাহফুজকে খুঁজতে গিয়ে গত বুধবার মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল তার বাড়িতে অভিযান চালায়। এসময় ফেনসিডিল উদ্ধার করা হয়েছে দাবি করে মাহফুজের দাদা আব্দুল খালেককে আটক করেন তারা।
যাওয়ার সময় অভিযান দলের ইকরামুল নামের এক ব্যক্তি মোটা অংকের টাকার বিনিময়ে আব্দুল খালেককে ছেড়ে দেওয়ার কথা বলে। দিন মজুর খালেকের পরিবারের পক্ষে টাকা জোগাড় করা সম্ভব হয়নি। তাকে মামলাসহ গাংনী থানায় সোপর্দ করেছে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান দল। এ ঘটনার সুষ্ঠু তদন্ত পুর্বক দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন তিনি।
স্থানীয় সুত্রে জানা গেছে, মাহফুজ চিহ্নিত মাদক ব্যবসায়ী। তবে তার সাথে তার দাদার সম্পর্ক নেই। দাদা দিন মজুর আব্দুল খালেক স্থানীয় একটি মিলে কাজ করে স্ত্রীকে নিয়ে আলাদা জীবন যাপন করেন।

মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহাকারি পরিচালক শরীয়তুল্লাহ। তিনি বলেন, ঘটনাটির প্রয়োজনীয় তদন্ত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।